# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৩৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি তাহাজ্জুদ সালাত আদায় করলে, তার জন্য বিতর সালাত কখন আদায় করা মুস্তাহাব- সে সম্পর্কে বর্ণনা

ذِكْرُ الْوَقْتِ الْمُسْتَحَبِّ لِلْمَرْءِ أَنْ يُوتِرَ فِيهِ إِذَا كَانَ مُتَهَجِّدًا

আরবী

2434 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ عَنْ أبي حصين عن يَحْيَى بْنِ وَثَّابٍ عَنْ مَسْرُوقٍ قَالَ: سَأَلْتُ عَائِشَةَ عَنْ وِتْرِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ: كُلُّ اللَّيْلِ قَدْ أَوْتَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوَّلُهُ وَأَوْسَطُهُ، فَانْتَهَى وِتْرُهُ حِينَ مَاتَ إِلَى السَّحَرِ .
الراوي : مَسْرُوق عَنْ عَائِشَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2434 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1289): ق.

বাংলা

২৪৩৪. মাসরূক রহিমাহুল্লাহ বলেন, “আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বিতর সম্পর্কে জিজ্ঞেস করলে, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রাতের প্রথম ভাগ, মধ্য ভাগ; রাতের সব ভাগেই সালাত আদায় করতেন। তবে মৃত্যুর প্রাক্কালে তিনি সুবহে সাদিকের পূর্বক্ষণে বিতর সালাত আদায় করতেন।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২৮৬; ইবনু মাজাহ: ১১৮৫; মুসনাদ আহমাদ: ৬/১২৯; তিরমিযী: ৪৫৬; বাগাবী: ৯৭০; দারেমী: ১/৩৭২; সহীহ মুসলিম: ৭৪৫; নাসাঈ: ৩/২৩০; সুনান বাইহাকী: ৩/৩৫; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/১৯৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৬২৪; হুমাইদী: ১৮৮; সহীহ আল বুখারী: ৯৯৬; আবূ দাঊদ:

১৪৩৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১২৮৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মাসরূক (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91759

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন